আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে একটি অত্যাধুনিক শপিং কমপ্লেক্স নির্মাণের নিমিত্তে আপাততঃ কোন দোকান না ভেঙ্গে মার্কেটের পূর্ব পার্শ্বের ২.৬০ একর (কম/বেশী) খালি জমিতে মার্কেট নির্মাণ করার কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। নীতিগত অনুমোদন প্রাপ্তির পর নকশা ও ডিজাইন প্রস্তুত করার জন্য কারিগরী পরামর্শক নিয়োগ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে একটি বহুতল বিশিষ্ট আধুনিক মার্কেট নির্মাণের নিমিত্তে মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য কারিগরী পরামর্শক নিয়োগের নীতিগত অনুমোদন প্রদানসহ EOI (Expression of Interest) আকারে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। এছাড়াও কারিগরী পরামর্শক নিয়োগ, নকশা ও ডিজাইন ইত্যাদি যাচাই-বাছাই (Evaluation)/সুপারিশমালা প্রণয়ন করার জন্য নিম্নবর্ণিতভাবে একটি কারিগরী কমিটি গঠন করা হলোঃ-

(১) সিএমইএস (আর্মি) -- সভাপতি
ঢাকা সেনানিবাস।

(২) নির্বাহী প্রকৌশলী -- সদস্য
ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(৩) সহকারী প্রকৌশলী -- সদস্য
সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।

(৪) জনাব আব্দুল্লাহ আল মামুন -- সদস্য
উপ-সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

চলমান পাতা-১০

আলোচ্যসূচী-১৩ ঃ গত ২১ জানুয়ারি, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩১বিবিধ(১) এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্বে ওয়াসার নিকট হতে উদ্ধারকৃত জমিতে নির্মিতব্য মার্কেটের সেমি-বেজমেন্ট নির্মাণসহ সংশোধিত নকশা অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জানা যায় যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে সংশ্লিষ্ট মার্কেট ভবনের নকশা অনুমোদনের বিষয়ে বিভিন্ন Observation দেয়া হয়েছে এবং এ ব্যাপারে পরীক্ষা-নিরীক্ষা চলছে। এ সমস্যা সমাধানকল্পে পূর্বের প্রস্তুতকৃত নকশাকে Revised করে পার্কিং এর জন্য Semi-basement করে নিচতলা, দোতলা, তিন তলা ও চার তলায় দোকান দেখিয়ে নকশা তৈরী করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ পূর্বে প্রস্তুতকৃত নকশাটি Revised করে পার্কিং এর জন্য Semi-basement করে নিচতলা, দোতলা, তিন তলা ও চার তলায় দোকান এবং ৫ম ও ৬ষ্ঠ তলায় Office Space ও অন্যান্য আনুষঙ্গিক সুযোগ সুবিধাদি সম্বলিত স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব তৈরীর জন্য সংশ্লিষ্ট Consultant -কে নির্দেশপূর্বক Revised নকশা চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে অত্যাধুনিক জেনারেটর স্থাপনের আবেদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটে অত্যাধুনিক জেনারেটর স্থাপনের জন্য অনুমতি চেয়ে জনাব এ কে এম মিজানুর রহমান (বীর মুক্তিযোদ্ধা) সি-২২৪, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক গত ২৭ মে, ২০০৯ তারিখে আবেদন করেন।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে কি ধরনের জেনারেটর স্থাপন করা হবে, কি শর্তে সেবা প্রদান করা হবে, কি পরিমাণ জায়গার প্রয়োজন হবে এবং সম্ভাব্য গ্রাহক তালিকাসহ একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব গ্রহণ করে পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান ভাড়ার নীতিমালা প্রণয়ন প্রসংগে।

আলোচনা ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান ভাড়া প্রদান সংক্রান্ত খসড়া নীতিমালাটি পর্যালোচনা করা হলো। আরো বিস্তারিত পর্যালোচনার জন্য প্রণীত খসড়া নীতিমালাটির বোর্ড সদস্যগণের সুচিন্তিত মতামত প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ প্রণীত খসড়া নীতিমালাটি সকল বোর্ড সদস্যের নিকট প্রেরণ করা হোক। এ ব্যাপারে আগামী সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

আলোচ্যসূচী-১৬ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ৭টি যানবাহন সংকেত বাতি বাৎসরিক মেরামত কাজে নিয়োজিত আর এফ ইঞ্জিনিয়ারিং এর চুক্তির মেয়াদ এবং মাসিক বিল বর্ধিত করণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ৭টি যানবাহন সংকেত বাতি বাৎসরিক মেরামত কাজে নিয়োজিত আর এফ ইঞ্জিনিয়ারিং এর চুক্তির মেয়াদ ৩০ জুন, ২০০৯ তারিখে উত্তীর্ণ হবে। উল্লেখ্য যে, বোর্ডসভার অনুমোদনক্রমে বর্তমানে প্রতিটি পয়েন্ট মেরামত/ রক্ষণাবেক্ষণের জন্য মাসিক ১,২০০/- টাকা হিসাবে বিল পরিশোধ করা হচ্ছে। উক্ত প্রতিষ্ঠান প্রতিটি পয়েন্ট মেরামত/রক্ষণাবেক্ষণের জন্য মাসিক ১,২০০/- টাকার স্থলে ২,০০০/- টাকা বৃদ্ধিকরণসহ চুক্তির মেয়াদ ০১ জুলাই, ২০০৯ তারিখ থেকে ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত বৃদ্ধি করার জন্য আবেদন করেছেন। বিস্তারিত পর্যালোচনায় যানবাহন সংকেত বাতির মাসিক মেরামত/রক্ষণাবেক্ষণ বিল বৃদ্ধি করা যেতে পারে মর্মে মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ৭টি যানবাহন সংকেত বাতি মেরামত কাজে নিয়োজিত আর এফ ইঞ্জিনিয়ারিং এর চুক্তির মেয়াদ ০১ জুলাই, ২০০৯ তারিখ থেকে ৩০ জুন, ২০১০ তারিখ পর্যন্ত বৃদ্ধিসহ প্রতি পয়েন্টের মাসিক বিল ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১১

আলোচ্যসূচী-১৭ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ১০(দশ) বছর মেয়াদী ৩৫টি মেয়াদোত্তীর্ণ দোকান তৃতীয় বারের জন্য পুনঃ বরাদ্দের জন্য সালামী ও মাসিক ভাড়া নির্ধারণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৪/০৫/০৯ তারিখের ৭/এএলএন্ডসি/ঢাকা/১৩০-এ-৬/শা-৩/৩১৪ নং পত্রের মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত ৩৫টি দোকানের সালামী ও ভাড়া বোর্ড সভায় উপস্থাপন পূর্বক নির্ধারণ সাপেক্ষে পুনঃ বরাদ্দের অনুমোদন প্রদান করা হয়েছে। সে মোতাবেক আলোচ্য ৩৫টি দোকানসহ রজনীগন্ধা সুপার মার্কেটের সকল প্রকার দোকানের সালামী ও ভাড়া পুনঃ নির্ধারণের জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ দোকানসমূহের ব্লব ভিত্তিক সালামী ও ভাড়া পুনঃ নির্ধারণের প্রস্তাব প্রণয়নের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করা হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | ১ × কর্মকর্তা<br>স্টেশন সদর দপ্তর<br>ঢাকা সেনানিবাস। | -- | আহ্বায়ক |
| (২) | রেভিনিউ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৩) | সহকারী সচিব<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | জনাব মোঃ জামাল উদ্দিন খান<br>সহকারী প্রকৌশললী<br>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

উক্ত কমিটি আগামী ১৫ জুলাই, ২০০৯ তারিখের মধ্যে রজনীগন্ধা সুপার মার্কেটের ব্লক ভিত্তিক দোকানের সালামী ও ভাড়ার হার সুপারিশ করে একটি সুনির্দিষ্ট প্রস্তাব ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার বরাবর দাখিল করবেন।

আলোচ্যসূচী-১৮ ঃ ঢাকা সেনানিবাস এলাকায় চলাচলরত রিক্সা লাইসেন্স ফি বৃদ্ধি প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, গত ২৫/৭/১৯৮১ তারিখের এসআরও নং-২৪৫-এল/৮১ গেজেট নোটিফিকেশনের মাধ্যমে সেনাননিবাস এলাকায় রিকসা লাইসেন্স প্রদানের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডকে ক্ষমতা প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইতোপূর্বে ১০০২ টি রিকসা লাইসেন্স প্রদান করা হয়েছিল। গত ১২ এপ্রিল, ২০০৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩১বিবিধ(৫) এর মাধ্যমে প্রতিটি রিক্সার বার্ষিক লাইসেন্স নবায়ন ফি ৫০/- (পঞ্চাশ) নির্ধারণ করা হয়। বর্তমানে জিনিস পত্রের মূল্য বৃদ্ধি পাওয়ায় উক্ত ৫০/- (পঞ্চাশ) টাকায় রিক্সার প্লেট ও ব্লুবুক তৈরীর ব্যয় সংকুলান সম্ভব হচ্ছে না বিধায় লাইসেন্স ফি অপরিবর্তিত রেখে রিক্সার নম্বর প্লেট ও ব্লুবুক তৈরীর খরচ রিক্সা মালিকদের নিকট হতে আদায় করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ রিক্সা লাইসেন্স নবায়ন ফি পূর্বের ন্যায় ৫০/- (পঞ্চাশ) টাকা হারে আদায় করা হবে। তবে নম্বর প্লেট ও ব্লু-বুক তৈরীর খরচ রিক্সা মালিকদের নিকট হতে আনুপাতিক হারে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১২

আলোচ্যসূচী-১৯ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩(তিন)টি গ্রুপ টয়লেট ইজারার সর্বোচ্চ দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩ টি গ্রুপ টয়লেট ২০০৯-২০১০ আর্থিক সনের জন্য ইজারা দেওয়ার জন্য গত ২৭ মে, ২০০৯ তারিখে দরপত্র আহবান করা হলে ০৫ টি দরপত্র পাওয়া যায়। যার মধ্যে জনাব এ কে এম মিজানুর রহমান কর্তৃক প্রদত্ত ৪,১৫,৫০১/- (চার লক্ষ পঁনের হাজার পাঁচশত এক) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত দরটি সন্তোষজনক না হওয়ায় পুনরায় গত ১৮ জুন, ২০০৯ তারিখে দরপত্র আহবান করা হলে নিম্নেবর্ণিত ০৪ টি দরপত্র পাওয়া যায় ঃ-

| ক্রমিক নং | দরদাতার নাম | প্রদত্ত দর |
|---|---|---|
| ১। | মের্সাস শরীফ এন্ড কোং | ৪,৮৫,১০০/- |
| ২। | জনাব এ কে এম মিজানুর রহমান | ৩,০০,০০০/- |
| ৩। | মের্সাস অনিক এন্টারপ্রাইজ | ২,০০,০০০/- |
| ৪। | মের্সাস তাহসিন এন্টারপ্রাইজ | ১,৯৯,৯৯৯/- |

ডিজিএফআই অফিস সংলগ্ন ০১(এক)টি গ্রুপ টয়লেট এবং আলোচ্য ০৩(তিন)টি গ্রুপ টয়লেটসহ মোট ০৪(চার)টি গ্রুপ টয়লেট এর বিগত তিন বছরের ইজারার সর্বোচ্চ দর নিম্নে প্রদত্ত হলো ঃ-

| সন | প্রাপ্ত সর্বোচ্চ দর |
|---|---|
| ২০০৬-২০০৭ | ৩,৭৭,৯০০/- |
| ২০০৭-২০০৮ | ৫,২৮,০০০/- |
| ২০০৮-২০০৯ | ৬,২০,০০০/- |

বর্তমানে ডিজিএফআই অফিস সংলগ্ন একটি গ্রুপ টয়লেট বন্ধ হওয়ায় উল্লেখিত ০৩(তিন)টি গ্রুপ টয়লেট ইজারার নিমিত্তে ৪,৮৫,১০০/- (চার লক্ষ পঁচাশি হাজার একশত) টাকার দরটি সন্তোষজনক মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩(তিন)টি গ্রুপ টয়লেট ইজারার নিমিত্তে মের্সাস শরীফ এন্ড কোং কর্তৃক প্রদত্ত ৪,৮৫,১০০/- (চার লক্ষ পঁচাশি হাজার একশত) টাকার সর্বোচ্চ দরটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। এ প্রসংগে উল্লেখ্য যে, ইজারার সমুদয় অর্থ পরিশোধ ব্যতিরেকে গ্রুপ টয়লেটগুলি সংশ্লিষ্ট ইজারা গ্রহীতার নিকট বুঝিয়ে দেয়া যাবে না।

আলোচ্যসূচী-২০ ঃ নব-নির্মিত 'সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল' ভবন এর নিচতলায় এক বছর মেয়াদী ০৬(ছয়)টি দোকানের মেয়াদোত্তীর্ণের প্রেক্ষিতে পরবর্তী এক বছরের জন্য বরাদ্দ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকায় অবস্থিত সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ভবনের নিচ তলায় (সাবেক শহীদ সাত্তার মার্কেট) ০১ বৎসর ভিত্তিক বরাদ্দকৃত ০৬ টি দোকানের ইজারার মেয়াদ ৩০ জুন, ২০০৯ তারিখে উত্তীর্ণ হবে। তৎপ্রেক্ষিতে উক্ত দোকানগুলো পূর্ববর্তী বরাদ্দলাভকারীদের নিকট পরবর্তী ০১ বৎসরের জন্য পুনঃ বরাদ্দের নিমিত্তে সংশ্লিষ্ট আবেদনপত্রসমূহ উপস্থাপন করা হলো ঃ-

| ক্রমিক নং | বরাদ্দ লাভকারীদের নাম | দোকান নং |
|---|---|---|
| ১। | জনাব মোঃ কেরামত আলী | ০১ |
| ২। | জনাব মোঃ আব্দুল হামিদ সিকদার | ০২ |
| ৩। | জনাব মোঃ শহীদুল্লাহ ভূইয়া | ০৩ |
| ৪। | জনাব জোনাব আলী | ০৪ |
| ৫। | মিসেস আনোয়ারা বেগম | ০৫ |
| ৬। | জনাব আলী আহমদ | ০৬ |

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের দোকানসমূহের সালামী ও ভাড়া নির্ধারণের জন্য গঠিত কমিটি কর্তৃক উপরোল্লিখিত দোকানসমূহ পরবর্তী ০১(এক) বছরের জন্য বরাদ্দ প্রদানের নিমিত্তে ভাড়া পুনঃ নির্ধারণের প্রস্তাব প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৩

আলোচ্যসূচী-২১ ঃ বিএএফ বেস বাশার এলাকার ময়লা সংগ্রহের কাজে নিয়োজিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক (নং- ঢাকা মেট্রো-ন-৮৩৯৪) এর জন্য ১২ ভোল্ট ১৭ প্লেট এর একটি ব্যাটারী সরবরাহ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বি এ এফ বাসার এলাকার ময়লা আবর্জনা সংগ্রহে নিয়োজিত কঞ্জারভেন্সী শাখার গাড়ী নম্বর ঃ ঢাকা মেট্রো ন-৮৩৯৪ এর জন্য ০১ (এক) টি ১২ ভোল্ট ১৭ প্লেট লুকাস ব্যাটারী সরবরাহের নিমিত্তে দরপত্র আহবান করা হলে, গত ১১ জুন, ২০০৯ ইং তারিখে ০৩ (তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে টায়ার এ্যান্ড ব্যাটারী বাজার, ৬০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা কর্তৃক প্রদত্ত ১০,৮৫০/- (দশ হাজার আটশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দর দাখিল করেন। উক্ত সর্বনিম্ন অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ টায়ার এ্যান্ড ব্যাটারী বাজার, ৬০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা কর্তৃক প্রদত্ত ১০,৮৫০/- (দশ হাজার আটশত পঞ্চাশ) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। বিএএফ কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-২২ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ অরুণিমা ফিলিং স্টেশন সংলগ্ন সিএনজি স্টেশনের শব্দ দূষণ বন্ধকরণ প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, অরুণিমা ফিলিং স্টেশন সংলগ্ন সিএনজি ফিলিং স্টেশনের শব্দ দূষণ বন্ধ করার জন্য গত ২০ এপ্রিল, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার সিদ্ধান্তের প্রেক্ষিতে অত্র দপ্তরের ১৭ মে, ২০০৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএ/৮৪/৫৬ নং পত্রে ব্যবস্থাপনা পরিচালক, প্রধান কার্যালয়, সিএসডিকে চূড়ান্ত তাগিদপত্র দেয়া হয়। সেপ্রেক্ষিতে প্রধান কার্যালয়, সিএসডি বাংলাদেশ এর ১৬ জুন, ২০০৯ তারিখের এ্যাডমিন/৭৫/সিএনজি/×নং পত্রে পরিবেশ অধিদপ্তর কর্তৃক গত ২২ জুলাই, ২০০৮ তারিখে সিএনজি স্টেশনের শব্দ দূষণমাত্রা যাচাই এর একটি প্রতিবেদন অত্র দপ্তরে প্রেরণ করেন এবং এতদ্বিষয়ে ভবিষ্যতে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের সাথে যোগযোগ করার পরামর্শ প্রদান করেন। বিষয়টির উপর আরো বিস্তারিত আলোচনায় জানা যায় যে, পরিবেশ অধিদপ্তর হতে এক বছর পূর্বে ছাড়পত্র গ্রহণ করা হলেও বর্তমানে উক্ত সিএনজি স্টেশনের শব্দ দূষণ মাত্রা সংলগ্ন এলাকায় বসবাসকারীদের জন্য মোটেই সহনীয় পর্যায়ে নেই।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে ইতোপূর্বে গঠিত অফিসার্স পর্ষদ কর্তৃক সরেজমিনে পরিদর্শন করে সিএনজি স্টেশনের শব্দ দূষণ সহনীয় পর্যায়ে আছে কি না মতামতসহ আগামী বোর্ডসভায় উপস্থাপন করা হোক।

আলোচ্যসূচী-২৩ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাসহ বোর্ডের আওতাধীন ঘোষিত এলাকার ৪র্থ পাম্প স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বর্তমানে ৩টি পানির পাম্প বিদ্যমান। ১ নং পানির পাম্পটি ১৯৯৭ সালে স্থাপন করা হয়েছিল। যার হাউজিং ২০০´-০´´। ১ নং পানির পাম্পের পানির লেয়ার নিচে নেমে যাওয়ায় ৮´´ ফিল্টারের ভিতরে ৩´´ কলামে পাইপ ঢুকিয়ে ১৫ কিঃ ওঃ সাবমারসিবল পাম্প মটরসহ স্থাপন করে সামান্য পানি পাওয়া যাচ্ছে। ৮ নং রোডে অবস্থিত ২ নং পানির পাম্পটি ২০০২ সালে স্থাপিত যার হাজজিং ৩০০´-০´´। পানির লেয়ার নিচে নেমে যাওয়ায় ৩০০´-০´´ গভীরতা পর্যন্ত কলাম পাইপ স্থাপন করেও পর্যাপ্ত পানি পাওয়া যাচ্ছে না। যেটুকু পানি পাওয়া যায় তা দিয়ে ক্যান্টনমেন্ট বাজার এলাকা, কচুক্ষেত পুরান বাজার এবং ধামালকোট এলাকার গ্রাহকদের চাহিদা অনুযায়ী পানি সরবরাহ করা সম্ভব হচ্ছে না। তাই ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থ বোর্ডের আওতাধীন ঘোষিত এলাকায় বসবাসরত মানুষের পানির চাহিদা পূরণের জন্য ৪র্থ পাম্প স্থাপন করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ গ্রাহক সংখ্যা হিসাবসহ মাথা পিছু ডিমান্ড, বর্তমান অবস্থা, আয়/ব্যয়ের হিসাব সম্বলিত স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৪

আলোচ্যসূচী-২৪ ঃ ২৫০ ওয়াটের ৫০টি সোডিয়াম বাতির কমপ্লিট সেট এর দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, শহীদ জাহাঙ্গীর গেট হতে বীর উত্তম লেঃ কর্ণেল আনোয়ার গার্লস কলেজের চৌরাস্তা পর্যন্ত ২৮ টি এবং অন্যান্য এলাকার জন্য ২২ টিসহ মোট ৫০ টি উচ্চ চাপের (২৫০ ওয়াট) সোডিয়াম লাইট স্থাপনের জন্য ট্রান্সকম ইলেকট্রনিক্স থেকে গত ২১ এপ্রিল, ২০০৯ তারিখে কমপ্লিট সেট প্রতিটি ১১,৫০০/- টাকা হিসাবে (১১,৫০০/- × ৫০) = ৫,৭৫,০০০/- টাকা এবং রহিম আফরোজ এনার্জী সার্ভিসেস লিঃ কর্তৃক ২৩ জুন, ২০০৯ তারিখে কমপ্লিট সেড প্রতিটি ১২,৮০০/- টাকা হিসাবে (১২,৮০০/- × ৫০) = ৬,৪০,০০০/- টাকার কোটেশন এবং ২৮/৬/২০০৯ তারিখে ট্রান্সকম ইলেট্রনিক্স লিঃ কর্তৃক কমপ্লিট সেট প্রতিটি ১২,৭৫০/- (বার হাজার সাতশত পঞ্চাশ) টাকা ৫০টি সেট এর এর জন্য ৬,৩৭,৫০০/- (ছয় লক্ষ সাইত্রিশ হাজার পাঁচশত) টাকার দর দাখিল করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ ট্রান্সকম ইলেট্রনিক্স লিঃ হতে কোম্পানীর নির্ধারিত দরে ৫০(পঞ্চাশ)টি সোডিয়াম লাইট কমপ্লিট সেট ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে আসন্ন সশস্ত্র বাহিনী দিবস-২০০৯ উপলক্ষে সকল সোডিয়াম লাইট জ্বালানোর জন্য আরো ১০০টি কমপ্লিট সেট ক্রয়ের Demand সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৫ ঃ ডিওএইচএসসমূহের কমিউনিটি সেন্টার ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের নিকট হ্রাসকৃত ভাড়ায় বরাদ্দ প্রদান প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বনানী ডিওএইচএস এর কমিউনিটি সেন্টারটি ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ করা হলেও এর আয় সম্পূর্ণভাবে ডিওএইচএস পরিষদ কর্তৃক গ্রহণ করা হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের পরিবারিক/সামাজিক অনুষ্ঠানসমূহে হ্রাসকৃত ভাড়ায় উক্ত কমিউনিটি সেন্টার ব্যবহারের সুযোগ চেয়ে আবেদন করেছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলো।

সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এবং প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডের সুপরিশক্রমে ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদেরকে বর্তমানে প্রচলিত নিয়ম অনুসারে বনানী ডিওএইচএস কমিউনিটি সেন্টারটি হ্রাসকৃত ভাড়ায় ব্যবহার করতে পারবেন।

আলোচ্যসূচী-২৬ ঃ শহীদ জাহাঙ্গীর গেইট হতে মহাখালী রেল লাইন পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে বিলবোর্ড/সাইন বোর্ড স্থাপন প্রসংগে।

আলোচনা ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ জাহাঙ্গীর গেট হতে মহাখালী রেলগেট পর্যন্ত মের্সাস রাফি নিয়নকে ০২ টি, মের্সাস কনকর্ড আর্ট পাবলিসিটি ০১ টি এবং শাইনী আর্ট ০১ টিসহ মোট ০৪ টি সাইনবোর্ডের জন্য অত্র দপ্তর কর্তৃক অনুমতি প্রদান করা হয়েছিল, যার মেয়াদ ৩১/১২/০৭ তারিখে উত্তীর্ণ হয়ে গিয়েছে। তৎপ্রেক্ষিতে উক্ত সাইনবোর্ড/বিলবোর্ডগুলো অপসারনের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক একাধিকবার পত্র দেয়া হয়েছে। পর্যবেক্ষানান্তে দেখা গিয়েছে এই সাইনবোর্ড/বিলবোর্ডগুলো ছাড়াও উক্ত এলাকায় রাস্তার উভয় পার্শ্বে অনুমতি বিহীন বিভিন্ন প্রতিষ্ঠানের ১৬ টি সাইনবোর্ড এবং ১১ টি নিয়নবোর্ড (ছোট) রয়েছে।

সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ জাহাঙ্গীর গেট হতে মহাখালী রেলগেট পর্যন্ত প্রতিরক্ষা বিভাগীয় জমিতে বিদ্যমান সাইনবোর্ড/বিলবোর্ড/নিয়নবোর্ডগুলোর বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, ঢাকা সেনানিবাসের অনুমোদনক্রমে কর এবং খাজনা ধার্য করার কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। যে সমস্ত বিলবোর্ড পূর্বে নোটিশ দেয়ার পরও অপসারণ করা হয়নি, সেগুলি নিলামে বিক্রি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৫

২৭ বিবিধ (১) ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় একটি বহুতল বিশিষ্ট মসজিদ, কমার্শিয়াল কমপ্লেক্স এবং জিমনেশিয়াম নির্মাণের নিমিত্তে কনসালটেন্ট নিয়োগের ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ১৭ জুন, ২০০৯ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৩১-৩/শা-৮/২৪২ নং পত্র প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস পরিষদ, প্রযত্নে- সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসের ১৮ ডিসেম্বর, ২০০৭ তারিখের ১৭০১/ডিওএইচএস/মিরপুর/১ নং পত্রের চাহিদার প্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস এলাকায় একটি বহুতল বিশিষ্ট মসজিদ, কমার্শিয়াল কমপ্লেক্স এবং জিমনেশিয়াম নির্মাণের নিমিত্তে কনসালটেন্ট নিয়োগের বিষয়টি গত ১৯ অক্টোবর, ২০০৮ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী-৩৪ এর মাধ্যমে উপস্থাপন করা হলে কনসালটেন্ট নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয় (বোর্ডসভার উদ্ধৃতাংশ সংযুক্ত)। সে মোতাবেক দৈনিক ইত্তেফাক এবং The Daily Star পত্রিকার মাধ্যমে Expression of Interest আকারে দরপত্র আহ্বান করা হলে ০৬(ছয়)টি ফার্ম কর্তৃক EOI দাখিল করা হয়। তন্মধ্যে কারিগরী দিক পর্যালোচনা করে ০৩(তিন)টি ফার্মকে উক্ত কাজের বিষয়ে পত্র দেয়া হয় (ফটোকপি সংযুক্ত)। তৎপ্রেক্ষিতে ০৩(তিন)টি ফার্ম কাজ সম্পাদনের নিমিত্তে অত্র দপ্তরে আর্থিক প্রস্তাব দাখিল করেন। তন্মধ্যে ইনডিজেনাস, এ্যাপার্টমেন্ট#সি-১, ৫/১২, ব্লক-এফ, লালমাটিয়া, ঢাকা কর্তৃক প্রদত্ত ১১,৭৭,৫০০/- (এগার লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত) টাকার দরটি সর্বনিম্ন হয় (ফটোকপি সংযুক্ত)। উক্ত দরটি ১৮ মে, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী-২৫বিবিধ(৬) এর মাধ্যমে উপস্থাপন করা হলে তা অনুমোদিত হয় (বোর্ডসভার উদ্ধৃতাংশ সংযুক্ত)। উল্লেখিত কাজের জন্য সর্বমোট ১১,৭৭,৫০০/- (এগার লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হলে উল্লেখিত কাজের জন্য কনসালটেন্ট নিয়োগের ব্যয় সংশ্লিষ্ট এলাকার উন্নয়ন তহবিল হতে সংকুলানের ব্যয় মিরপুর ডিওএইচবসে পরিষদের সুপারিশসহ চেয়ারম্যান, সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটি ও সেনাপ্রধান, বাংলাদেশ সেনাবাহিনী এর সম্মতি গ্রহণের প্রয়োজন মর্মে সাভূসে অধিদপ্তরের ১৭ জুন, ২০০৯ তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৪৩১-৩/শা-৮/২৪২ নং পত্রের মাধ্যমে পরামর্শ প্রদান করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর মতামত/সুপারিশ সংগ্রহ করে বিষয়টি পুনঃবিবেচনা করার জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৭ বিবিধ (২) ঃ ঢাকা সেনানিবাসের অধীনে বিভিন্ন স্থানে এটিএম (অটোমেটেড টেলার মেশিন) বুথ বসানো প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসের ০৮ টি স্থানে এটিএম (অটোমেটেড টেলার মেশিন) বুথ বসানোর জন্য ০৫ বছর মেয়াদে স্থান বরাদ্দ চেয়ে মেজর আবু আহম্মেদ ইব্রাহিম (অবঃ), স্বত্ত্বাধিকারী, এনএস ফোর্স এন্ড লজেস্টিক্স গত ২৫ জুন, ২০০৯ তারিখে আবেদন করেছেন। আবেদিত স্থানগুলোর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ডিওএইচএস পরিষদ এর মতামত সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ এটিএম বুথ স্থাপনের প্রস্তাবিত স্থানসমূহের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর নিকট হতে ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ট্রেড লাইসেন্স ইস্যু করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৬

২৭ বিবিধ (৩) ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হসার্স হার্ডস্ট্যান্ড ২০০৯-২০১০ সনের জন্য ইজারার নিমিত্তে প্রাপ্ত সর্বোচ্চ দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হকার হার্ডস্ট্যান্ডটি ২০০৯-২০১০ সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে গত ২৫ জুন, ২০০৯ তারিখে দরপত্র আহবান করা হলে নিম্নেবর্ণিত ০৭ (সাত)টি দরপত্র পাওয়া যায় ঃ-

| ক্রমিক নং | দরদাতার নাম | প্রদত্ত দর |
|---|---|---|
| ১। | মেসার্স সুভা এন্টার প্রাইজ | ৩,৫৬,২০০/- টাকা |
| ২। | মেসার্স সাদিয়া এন্টারপ্রাইজ | ৬,১২,০০০/-" |
| ৩। | মেসার্স শাহাব উদ্দিন ট্রেডার্স | ৬,৫০,০০০/-" |
| ৪। | মেসার্স শরিফ এন্ড কোঃ | ৭,৭৫,০০০/-" |
| ৫। | মেসার্স মহি এন্ড ব্রাদার্স | ৭,০২,০০০/-" |
| ৬। | মেসার্স আজাদ এন্টারপ্রাইজ | ৮,০১,০০০/-" |
| ৭। | মেসার্স এ কে এম মিজান ট্রেডার্স | ৯,১৫,০০০/-" |

উক্ত হকার হার্ডস্ট্যান্ডের বিগত ০২ (দুই) বছরের ইজারার অনুমোদিত দর নিম্নরূপ ঃ

| সন | অনুমোদিত দর |
|---|---|
| ২০০৬-২০০৭ | ৬,৬৪,২০০/- টাকা |
| ২০০৭-২০০৮ | ৯,৭৫,১০১/- " |

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হকার হার্ডস্ট্যান্ডটি ২০০৯-২০১০ সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে মেসার্স এ কে এম মিজান ট্রেডার্স কর্তৃক প্রদত্ত ৯,১৫,০০০/- (নয় লক্ষ পঁনের হাজার) টাকার সর্বোচ্চ দরটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। এ প্রসংগে উল্লেখ্য যে, ইজারার সমুদয় অর্থ পরিশোধ ব্যতিরেকে হার্ডস্ট্যান্ডটি সংশ্লিষ্ট ইজারা গ্রহীতার নিকট বুঝিয়ে দেয়া যাবে না।

২৭ বিবিধ (৪) ঃ মিরপুর ডিওএইচএস এর সারফেজ ড্রেন প্রসংগে মিরপুর ডিওএইচএস পরিষদ এর ২৫ জুন, ২০০৯ তারিখের ১৭০১/ডিওএইচএস/মিরপুর/৩ নং পত্রের উপর আলোচনা।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের সার্ফেস ড্রেন নির্মাণের ব্যাপারে ১১ ডিসেম্বর, ২০০৮ তারিখে দরপত্র আহবান করা হয় এবং উক্ত সার্ফেস ড্রেন নির্মাণের জন্য ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়। উক্ত সার্ফেস ড্রেনের ব্যাপারে ১৮ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে কিউএমজি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার আলোচনায় সিদ্ধান্ত হয় যে, মিরপুর ডিওএইচএস এর ৩টি ধাপে মোট ১৩৮.৮১ একর জমি প্লটের সংখ্যা ১২৪৫ টি । এই ব্যাপারে পূর্নাঙ্গ সার্ফেস ড্রেনের মাষ্টার প্ল্যান তৈরী করার জন্য ১৬ ইসিবিকে দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু কয়েক মাস অতিবাহিত হয়ে গেলেও উক্ত মাস্টার প্ল্যান পাওয়া যায়নি বিধায় অত্র দপ্তর কর্তৃক ১০ মে, ২০০৯ তারিখের ঢাক্যাবো/এলএ/৬৯/৬/১৮৩ নং পত্রের মাধ্যমে সার্ফেস ড্রেনের জন্য পূর্নাঙ্গ মাষ্টার প্ল্যান প্রেরণের জন্য ১৬ ইসিবি-কে অনুরোধ জানানো হয়। এখানে উল্লেখ্য যে, ১৬ ইসিবি হতে পূর্নাঙ্গ নকশা পাওয়া মাত্র জরুরী ভিত্তিতে কাজটি শুরু করতে হবে।

সিদ্ধান্ত ঃ সদর দপ্তর এসডব্লিউ এর সাথে সমন্বয়পূর্বক জরুরী ভিত্তিতে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-১৭

২৭ বিবিধ (৫) ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংক সংলগ্ন উত্তর পার্শ্বে টিনশেড দোকান পুনঃ বরাদ্দের বিপরীতে ৩ (তিন) বৎসর মেয়াদের জন্য ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা অফেৎযোগ্য সালামী পরিশোধ প্রসংগে।

আলোচনা ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের উত্তর পার্শ্বে ৩০টি টিনসেড দোকান (চিড়া, মুড়ি, ডিম, ভূষি, হাড়ি-পাতিল ইত্যাদি) গত ৩০/০৩/২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভায় আলোচ্যসূচী-১৩ এর সিদ্ধান্তের প্রেক্ষিতে ০১/০১/২০০৬ হতে পরবর্তী ০৩ বছরের জন্য মাসিক ভাড়া ৩৫৩/- সবং ৬,০০০/- টাকা সেলামী গ্রহণ সাপেক্ষে পুনঃবরাদ্দ করা হয়েছিল। ৩০/১২/২০০৮ তারিখে মেযাদ উত্তীর্ণের পর পরবর্তী ০৩ বছরের জন্য পুনঃবরাদ্দের নিমিত্তে গত ২০/০৪/২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভায় আলোচ্যসূচী-১৮ মোতাবেক মাসিক ভাড়া ২৫% বৃদ্ধি এবং ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা সালামীতে পরবর্তী ০৩(তিন) বছরের জন্য পুনঃবরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপেক্ষিতে উক্ত টিনশেড এর ব্যবসায়ীগণ গত ১১ জুন, ২০০৯ তারিখে সালামীর পরিমাণ হ্রাসের জন্য আবেদন করেছেন।

সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে ব্লক ভিত্তিক দোকান ভাড়া এবং সালামীর পরিমাণ প্রস্তাব করার জন্য গঠিত কমিটির সুপারিশ মোতাবেক পরবর্তী সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

২৭ বিবিধ (৬) ঃ বৃটিশ আমেরিকান ট্যোবাকোর পশ্চিম পার্শ্বে বাউন্ডারী ওয়াল উঁচুকরণসহ অভ্যন্তরে পাকা শেড নির্মাণের নকশা অনুমোদন প্রসংগে।

আলোচনা ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় বৃটিশ আমেরিকান ট্যোবাকোর পশ্চিম পার্শ্বে বাউন্ডারী ওয়াল উঁচুকরণসহ অভ্যন্তরে পাকা শেড নির্মাণের নকশাটি কারিগরীভাবে সঠিক আছে। বাণিজ্যিক হারে ফি আদায় সাপেক্ষে উক্ত নকশা অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বাণিজ্যিক হারে ফি আদায় সাপেক্ষে নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

| | |
|---|---|
| **( মোঃ নাজমুছ সাদাত সেলিম )** | **( কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম )** |
| সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড | প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড |
| ও | ও |
| ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার | স্টেশন কমান্ডার |
| ঢাকা ক্যান্টনমেন্ট। | ঢাকা সেনানিবাস। |